**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 12/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস নতুন নিউ ইয়র্ক প্যানেলের কর্মপরিকল্পনা ঘোষণা করলেন

***নতুন নিউ ইয়র্ক: সকলের জন্য নিউ ইয়র্ককে প্রগতিশীল করার কর্মপরিকল্পনা ভবিষ্যতের একটি রোডম্যাপ হিসেবে 40টি উদ্যোগ সামনে রেখেছে***

***পরিকল্পনায় রয়েছে 2023 সালের জন্য পাঁচটি মনোযোগের ক্ষেত্র যাতে আঞ্চলিক অর্থনীতিকে সমর্থন করা যায় এবং নিউ ইয়র্ক সিটিকে বসবাস ও কাজের জন্য আরো ভালো স্থান বানানো যায়***

***এছাড়াও রয়েছে রবিন হুডের প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড বুয়েরি এবং সাবেক সাইডওয়াক ল্যাবসের প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যান ডক্টরোফের নেতৃত্বাধীন 59 সদস্যের নতুন নিউ ইয়র্ক প্যানেলের সুপারিশসমূহ***

গভর্নর ক্যাথি হোকল এবং মেয়র অ্যাডামস আজকে *নতুন* নিউ ইয়র্ক ঘোষণা করলেন: নিউ ইয়র্ককে সকলের জন্য প্রগতিশীল করার (*New* New York: Making New York Work For Everyone) কর্মপরিকল্পনা, যা গঠন করেছে *নতুন* নিউ ইয়র্ক প্যানেল, যা গভর্নর এবং মেয়র এর আগে এই বছরে একত্রে আহ্বান করেছেন। কর্মপরিকল্পনায় রয়েছে 40টি প্রস্তাবনার একটি সেট যার উদ্দেশ্যে হলো শহরের ভবিষ্যতের একটি রোডম্যাপ হিসেবে কাজ করা এবং নিউ ইয়র্ক সিটিকে (New York City) বসবাস ও কাজের জন্য আরো ভালো স্থান বানানো। 2022 সালের মে মাসে শুরু হওয়া এবং সহপ্রধান ও সাবেক ডেপুটি মেয়র হিসেবে কাজ করা রবিন হুডের (Robin Hood) প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড বুয়েরি এবং সাবেক সাইডওয়াক ল্যাবসের (Sidewalk Labs) প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যান ডক্টরোফের নেতৃত্বে, নাগরিক নেতৃবৃন্দ ও শিল্পখাতের অভিজ্ঞদের এই বৃহৎ ও বৈচিত্র্যময় প্যানেলটি ছয় মাস কাজ করেছে সিটি ও স্টেটের মধ্যকার ঐতিহাসিক জোট বন্ধনের সময় তাদের জন্য সুপারিশ তৈরি করতে। সুপারিশগুলি কীভাবে সিটি ও স্টেট একে অন্যের সাথে অংশীদারিত্ব করে বিভিন্ন খাতে *নতুন* নিউ ইয়র্ককে পুনঃকল্পনা করতে পারে এবং শহর ও অঞ্চলকে প্রবৃদ্ধির পরবর্তী অধ্যায়ে নিয়ে যেতে পারে তার উপর কেন্দ্র করে গড়ে উঠেছে।

"মেয়র অ্যাডামস এবং *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের মধ্যকার একটি অসাধারণ অংশীদারিত্বের কল্যাণে, এই প্রতিবেদনটি আরো বলিষ্ঠ, ন্যায্য এবং সহজলভ্য নিউ ইয়র্কের জন্য রোডম্যাপ

প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "আমরা এখন আর সেই নিউ ইয়র্কে বাস করছি না যেমনটি মহামারীর পূর্বে ছিলো, এবং এই প্রস্তাবনাগুলি আমাদের ব্যবসায়িক জেলাসমূহকে পুনর্জীবিত করতে, নিউ ইয়র্কবাসীদের যাতায়াত সহজ করতে, সমতার প্রচার করতে এবং আমাদের ৪00,000 ইউনিটি আবাসন ঘাটতি মেটাতে সাহায্য করবে। আমাদের এখন ঠিক এই ধরনের সাহসী, উচ্চাকাঙ্ক্ষী ধারণাই প্রয়োজন, এবং আমার প্রশাসন সামনের সপ্তাহগুলিতে প্যানেলের সুপারিশসমূহ নিবিড়ভাবে পর্যালোচনা করতে উন্মুখ যাতে নির্ণয় করা যায় কীভাবে আমরা নিউ ইয়র্ককে বসবাসের জন্য আরো ভালো স্থান বানানো অব্যাহত রাখতে পারি।"

**নিউ ইয়র্ক সিটির মেয়র অ্যাডামস বলেন,** "নিউ ইয়র্কবাসীদের গত তিন বছর এতো কিছু সহ্য করতে হয়েছে, এবং সমাজ যখন উল্লেখযোগ্যভাবে পরিবর্তিত হচ্ছে, তখন গত বছরে আমাদের স্থিতিস্থাপকতা ও সৃজনশীলতার কল্যাণে পুনরুদ্ধারের লক্ষণীয় চিহ্ন দেখা গেছে। আমাদের প্রশাসন একটি *নতুন* নিউ ইয়র্ক গঠনে প্রতিশ্রুতিবদ্ধ, যা হবে আরো নিরাপদ, ন্যায্য এবং সমৃদ্ধিশালী শহর যেটি পুরো 21 শতকজুড়ে অভিযোজন ও সমৃদ্ধি করা অব্যাহত রাখবে। এবং এই পরিকল্পনা সমন্বিত শহর, স্টেট, অলাভজনক ও বেসরকারি খাতের কর্মকাণ্ডের একটি স্পষ্ট ভিশন নির্ধারণ করে যা মহামারীর কারণে এখনো সংগ্রাম করতে থাকা এলাকাগুলিকে পুনরুজ্জীবিত করবে এবং তাদের নতুন গতিবেগ দিয়ে সুপারচার্জ করবে। আমি গভর্নর হোকল এবং সম্পূর্ণ প্যানেলকে ধন্যবাদ জানাতে চাই আমাদের শহরকে সঠিক পথে আনার এই অতি গুরুত্বপূর্ণ প্রয়াসে তাদের অংশীদারিত্বের জন্য এবং আমি সামনের দিনে একত্রে কাজ করার জন্য উন্মুখ।"

***নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সহপ্রধান এবং সাইডওয়াক ল্যাবসের সাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা ড্যানিয়েল ডক্টরোফ বলেন,** "সঙ্কট থেকে আসে সুযোগ। যদিও মহামারী এবং এর দ্বারা সৃষ্ট সমস্যাসমূহে, বিশেষ করে আমরা কীভাবে কাজ করি এবং আমাদের বাণিজ্যিক জেলাগুলিতে এর প্রভাব, উল্লেখযোগ্য, কিন্তু নিউ ইয়র্কবাসীরা কখনোই সমস্যা দেখে পিছুপা হয় না। প্যানেলের প্রতিবেদনটি সার্বিক ও সাহসী, এবং সবথেকে গুরুত্বপূর্ণ এই যে এটি গভর্নর ও মেয়রের মধ্যকার প্রজন্মে একবার হয় এমন জোট থেকে এসেছে। আমাদের কাছে ন্যায্য প্রবৃদ্ধি অনুপ্রাণিত করার, মানুষকে তারা যেখানে যেতে যায় সেখানে ত্রুটি পৌঁছে দেওয়ার, আমাদের মুখ্য বাণিজ্যিক জেলাগুলিকে পুনঃকল্পনা করা, এবং আপনি যেখান থেকেই যেই কাজ করেন, নিউ ইয়র্ক সিটিকে তার জন্য সেরা স্থান করার সুযোগ আছে।"

***নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সহপ্রধান এবং রবিন হুডের প্রধান নির্বাহী কর্মকর্তা রিচার্ড আর. বুয়েরি জুনিয়র বলেন,** "নিউ ইয়র্ক সিটি সবসময় আশার একটি মশাল এবং সুযোগের একটি ইঞ্জিন হয়ে আছে। আমি অত্যন্ত গর্বিত যে আজকে *নতুন* নিউ ইয়র্ক প্যানেল গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের সাথে মিলে আমাদের প্রতিবেদনটি প্রকাশ করছে, মহামারী পরবর্তী নিউ ইয়র্ককে একটি অন্তর্ভুক্তিকর, ভবিষ্যৎ কেন্দ্রিক শহর হিসেবে পুনঃকল্পনা করার সাহসী ভিশনকে অগ্রসর করছে যেখানে কেন্দ্রীয় ব্যবসায়িক জেলাগুলিতে 24/7 মানুষ বসবাস, কাজ ও খেলাধুলা করবে; এমন পরিবহন পলিসি থাকবে যা তারা যেখানেই যেতে চায় তাকে সহজতর করবে; এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে আমাদের পুনরুদ্ধার থেকেই লাভবান হয় তা নিশ্চিতকারী প্রবৃদ্ধি কৌশল থাকবে। যদিও মহামারী আমাদের বিশ্বকে সমূলে পাল্টে ফেলেছে, কিন্তু এটি নিউ ইয়র্ক সিটিতে বসবাস ও কাজের জন্য বিশ্বের সেরা স্থান বানাতে একটি প্রজন্মগত

সুযোগও উপস্থাপন করেছে। এখন এটি নিশ্চিত করা আমাদের দায়িত্ব যাতে এই কাগজে লিখিত ভিশন কাজে পরিণত হয় এবং যাতে নিউ ইয়র্ক সেই প্রতিবন্ধকতা ভাঙ্গতে প্রতিশ্রুতি নেয় যা বহু নিউ ইয়র্কবাসীকে নিজেকে স্বপ্ন ও আকাঙ্ক্ষা পূরণে বাধা দিয়েছে।"

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস যৌথভাবে নতুন নিউ ইয়র্ক প্যানেল ঘোষণা করেন 2022 সালের মে মাসে নিউ ইয়র্ক সিটির ভবিষ্যৎ এবং অঞ্চলের অর্থনীতি পরীক্ষা করার জন্য। যদিও প্যানেলের প্রারম্ভিক লক্ষ্যের কেন্দ্র ছিল নিউ ইয়র্ক সিটির ব্যবসায়িক জেলাসমূহকে পুনর্জীবিত করা, বিশেষ করে যেগুলি কোভিড-19 মহামারীর পরবর্তীতে অপেক্ষাকৃত ধীরে পুনরুদ্ধার হচ্ছে, যেমন মিডটাউন এবং ডাউনটাউন ম্যানহাটন, কিন্তু প্যানেলটি দ্রুত এর মনোযোগের কেন্দ্র সম্প্রসারিত করে একটি আরো বিস্তৃত ব্যাপ্তির আন্তঃসংযুক্ত সমস্যা সমাধান করে যা সকল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করছে, যেমন পরিবহন থেকে শুরু করে আবাসন, এবং চাইল্ডকেয়ারের ভালো সরকারি স্থান পর্যন্ত। সিটি এবং স্টেটের কর্মপরিকল্পনা সম্প্রসারিত মনোযোগের কেন্দ্রের প্রতিফলন করে তিনটি সার্বিক লক্ষ্য প্রস্তাবিত করার মাধ্যমে যা একত্রে কাজ করে নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক সকল নিউ ইয়র্কবাসীর জন্য প্রগতিশীল হয়:

- **নিউ ইয়র্কের বাণিজ্যিক জেলাসমূহকে 24/7 প্রাণবন্ত গন্তব্য হিসেবে পুনঃকল্পনা করা:** NYC-র একক ব্যবহারের ব্যবসায়িক জেলাসমূহকে মানুষের বসবাস, কাজ ও খেলাধুলার জন্য দারুণ স্থান হিসেবে রূপান্তর করা।
- **নিউ ইয়র্কবাসীদের কাজে যাওয়া সহজতর করা:** ম্যানহাটনে যাতায়াত উন্নত করা এবং 5টি বরোতে চাকরির কেন্দ্র এবং কর্মক্ষেত্র জোরদার করা যাতে মানুষ বাড়ির কাছে কাজ করতে পারে।
- **অন্তর্ভুক্তিকর, ভবিষ্যৎ কেন্দ্রিক প্রবৃদ্ধি সৃষ্টি করা:** কর্মসংস্থানের প্রবৃদ্ধি এবং উদ্ভাবন এবং অর্থনৈতিক সচলতার প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলাকে সমর্থন করা।

এই তিনটি লক্ষ্যের ব্যাপ্তিতে পরিকল্পনাটি 40টি উদ্যোগ উপস্থাপিত করে, যা বিধিমালা, পলিসি পরিবর্তন, অতিরিক্ত তহবিল এবং অন্যান্য পদক্ষেপ দ্বারা অগ্রসর হবে, যা গভর্নর এবং মেয়র ভবিষ্যতের রোডম্যাপ হিসেবে গ্রহণ করতে পারবেন, যার মধ্যে রয়েছে আসন্ন বছরে পাঁচটি মুখ্য খাতে ব্যবস্থা গ্রহণ:

- **মিডটাউন এবং অন্যান্য কেন্দ্রীয় ব্যবসায়িক জেলাকে আরো মিশ্র ব্যবহারের এবং নমনীয় করা** বাজারভিত্তিক রূপতন্ত্রের নিয়ন্ত্রক প্রতিবন্ধকতা অপসারণ করার মাধ্যমে এবং সেকেলে অফিস ভবনকে পুনর্গঠন করে আবাসিকে পরিণত করে এবং অর্থনৈতিক কর্মকাণ্ডের জন্য স্থানের নতুন ব্যবহারে নমনীয়তা প্রদান করার মাধ্যমে।
- মিডটাউন এবং অন্যান্য ব্যবসায়িক জেলাকে আধুনিক, পথচারী অভিমুখী স্থান করে তুলতে **প্রধান সরকারি রাজত্বে হস্তক্ষেপ**, **এবং সিটি হলে নতুন একটি সরকারি রাজত্ব পরিচালক (Director of Public Realm) পদ তৈরি করা** যাতে সরকারি রাজত্ব পলিসি, বাহ্যিক কর্মকাণ্ড এবং সরকারি রাজত্বের প্রকল্পসমূহ ও কর্মসূচিসমূহে, যার

মধ্যে রোডওয়ে, করব স্পেস ও সবুজ স্থান রয়েছে, তার সমন্বয়ে একটি কেন্দ্রীয় ও সার্বিক পন্থা অবলম্বন করা যায়।

- শহরজুড়ে আবাসন প্রবৃদ্ধির নিয়ন্ত্রক প্রতিবন্ধকতা অপসারণ করে **আবাসনের সরবরাহ বৃদ্ধি করা,** যাতে ক্রয়ক্ষমতা বৃদ্ধি করা যায়, উচ্ছেদ হ্রাস করা যায় এবং অন্তর্ভুক্তিকর সম্প্রদায়সমূহে উৎসাহিত করা যায়, নিশ্চিত করা যায় যে কর্মীদের স্থিতিশীল আবাসন পাওয়ার সুযোগ রয়েছে এবং চাকরিদাতাদের আত্মবিশ্বাস প্রদান করা যায় যে তারা নিউ ইয়র্ক সিটিতে প্রতিভা ধরে রাখতে এবং আকৃষ্ট করতে পারবে। আমাদের আবাসন সঙ্কটের এই অতি জরুরি মুহূর্তের মোকাবেলা করার জন্য, সিটি ও স্টেটের বিধানিক পরিবর্তনের এই সেটটি সকল পর্যায়ের উপার্জনের জন্য আবাসন নির্মাণকে উৎসাহিত করবে এবং আগামী দশকে শহর ও স্টেটজুড়ে কয়েক লাখ নতুন আবাসন ইউনিটের চাহিদা পূরণ করবে।
- **চাকরির বর্ধিত সুযোগ এবং মিডটাউন ও অন্যান্য ব্যবসায়িক জেলা পর্যন্ত যাতায়াতের সময় হ্রাস করা।**
- **চাইল্ডকেয়ার সহজলভ্য ও সাশ্রয়ী করা** যাতে কর্মজীবী পরিবারকে শ্রমশক্তি হিসেবে অংশগ্রহণ করতে দেওয়া যায় যাতে তারা তাদের অর্থনৈতিক সম্ভাবনা বাস্তব করতে পারে এবং অর্থনৈতিক পুনরুদ্ধার চালনা করতে পারে।

কর্মপরিকল্পনার বাস্তবায়নের নেতৃত্ব দিবে *নতুন* নিউ ইয়র্ক নেতৃত্ব চালনা গ্রুপ (*New* New York Leadership Steering Group), এটি একটি ক্রস-সরকারি জমায়েত যা আয়োজন করেছে স্টেট অপারেশন (State Operations) পরিচালক এবং প্রথম ডেপুটি মেয়র এবং যার নেতৃত্ব দিয়েছে অর্থনৈতিক বিকাশ ও কর্মীবাহিনীর (Economic Development and Workforce) ডেপুটি সচিব এবং অর্থনৈতিক ও কর্মীবাহিনী বিকাশের (Economic and Workforce Development) ডেপুটি মেয়র। মেয়রের পলিসি ও পরিকল্পনা অফিসে (Office of Policy and Planning) একটি নতুন, নিবেদিত সিনিয়র উপদেষ্টাকে নিয়োগ দেওয়া হবে চালনা গ্রুপের কাজের জন্য এবং পরিকল্পনাটি বাস্তবায়নের প্রতিদিনের ব্যবস্থাপনা তত্ত্বাবধান করার জন্য। মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকল সামনের সপ্তাহগুলিতে এই সুপারিশসমূহ থেকে অবগত হয়ে অতিরিক্ত পলিসি তৈরির পরিকল্পনা করছেন।

সম্পূর্ণ প্রতিবেদনটি পড়া যাবে এখানে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন,** "নিউ ইয়র্কের ইতিহাস, এবং নিঃসন্দেহে তা এর মানুষের ইতিহাস, হলো প্রতিকূলতা পার হয়ে সুযোগের একটি গল্প। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের সমবেত করা 'নতুন' নিউ ইয়র্ক প্যানেলের উপস্থাপিত ধারণাসমূহ সেই বর্ণনাকে আনুষ্ঠানিক করে, বিশেষ করে আমাদের অর্থনৈতিক পুনরুদ্ধারের ভিত্তি ও সম্মুখভাগ হিসেবে দৃঢ়, বলিষ্ঠ, স্থানীয় বাণিজ্যিক জেলাগুলির উপর নির্ভর করার উপর।"

**স্টেটের পরিবহন বিভাগের (Department of Transportation, DOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "আমাদের জাতির পুরো ইতিহাসজুড়ে, নিউ ইয়র্ক সিটি ধারাবাহিকভাবে এবং সফলভাবে নিজেকে পুনরায় উদ্ভাবিত করে গেছে যা বিশ্বের অন্য কোনও

শহর করতে পারে নি, এবং আমরা আবার তা করার জন্য তৈরি ও প্রস্তুত। এমন আর কোনও স্থানে নিউ ইয়র্ক সিটির মতো এতো বেশি অনন্য সুযোগ নেই, এবং আমি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রশংসা করছি সিটিকে ও এর আশেপাশের এলাকাকে অগ্রসর করার এই নীলনকশার সহযোগিতা করার জন্য। এই পরিকল্পনাটি হলো আমাদের সকলের ভালোবাসার শহরকে পুনঃকল্পনা করা এবং একত্রে কাজ করে এটিকে আগের যেকোনও সময়ের থেকে ভালো করা, যেখানে পরিবহন এইসব প্রচেষ্টার ক্ষেত্রে একটি বড় ভূমিকা পালন করবে। আমরা কীভাবে নিরাপদে ও কার্যকরভাবে এক স্থান থেকে অন্য স্থানে মানুষ ও পণ্য স্থানান্তর করি এবং সেই সাথে ভালো জীবনযাত্রার মানের নতুন সুযোগ সৃষ্টি করি তা গভর্নর ও মেয়রের নেতৃত্বে উপস্থাপিত এই ভিশনের কেন্দ্রবিন্দু। এটি ভবিষ্যৎ সমৃদ্ধির একটি রোডম্যাপ যে ব্যাপারে সকল নিউ ইয়র্কবাসী একমত হতে পারবে এবং আরো গুরুত্বপূর্ণভাবে এটি *নতুন* নিউ ইয়র্কের জন্য একটি ঐক্যবদ্ধ ভিশন।"

**নিউ ইয়র্ক স্টেটের শিশু ও পরিবার পরিষেবা অফিসের (New York State Office of Children and Family Services, OCFS) কমিশনার শিলা জে. পুল বলেন,** "এই সহযোগিতামূলক পরিকল্পনাটি OCFS-র গর্বের সাথে পরিচালনা করা চাইল্ডকেয়ারে স্টেটের ঐতিহাসিক বিনিয়োগকে সম্প্রসারিত করে। কর্মজীবী পরিবারগুলি সবথেকে বলীয়ান হয় যখন তারা মানসম্পন্ন, সাশ্রয়ী চাইল্ডকেয়ারের প্রদত্ত নমনীয়তার উপর নির্ভর করতে পারে। আমাদেরকে অবশ্যই এইসব কর্মসূচি পাওয়ার সুযোগ বৃদ্ধি করে কর্মক্ষেত্রে নারীদের সমর্থন করার জন্য আমাদের পক্ষে সম্ভব সব কিছু করতে হবে। আমি দেখতে আগ্রহী কীভাবে প্যানেলের সুপারিশসমূহ সেই মিশন পূরণে আমাদের নিরলস প্রয়াসকে আরো অগ্রসর করে।"

**মেট্রোপলিটন পরিবহন কর্তৃপক্ষের (Metropolitan Transportation Authority, MTA) প্রধান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানো লিবার বলেন,** "গণপরিবহন হলো নিউ ইয়র্ক মেট্রোপলিটন এলাকার জীবনীশক্তি। প্রতিদিন 5 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী সাবওয়ে, বাস, এবং কমিউটার রেলের উপর নির্ভর করে কাজ, স্কুল ও অন্যান্য গন্তব্যে যাওয়ার জন্য। MTA গভর্নর হোকল, মেয়র অ্যাডামস এবং বেসরকারি খাতের গণপরিবহনে বিনিয়োগ করার এই এক প্রতিশ্রুতির প্রশংসা করছে যা অর্থনৈতিক বিকাশে ইন্ধন প্রদান করবে, নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে, এবং অঞ্চলকে ভবিষ্যতের প্রবৃদ্ধির দিকে ধাবিত করবে।"

**স্টেটের সিনেটর লুইস সেপুলভেডা বলেন,** "নিউ ইয়র্ক সিটির এলাকার ব্যবসায়িক জেলাসমূহ শহরের জীবনীশক্তি। এগুলি আমাদের শহরকে চরিত্র এবং একটি সম্প্রদায়ের চেতনা প্রদান করে। আমি মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকলের প্রশংসা করছি *নতুন* নিউ ইয়র্ক প্যানেল সমবেত করার জন্য যাতে মহামারী পরবর্তী একটি ন্যায্য পুনরুদ্ধার পুনঃকল্পনা ও গঠন করা যায়। প্যানেলের মুখ্য লক্ষ্যসমূহের মধ্যে একটি হলো 'নিউ ইয়র্কবাসীর জন্য কাজে যাওয়া সহজতর করা (Make It Easier for New Yorkers to Get to Work)', যা আমার নিজেরও লক্ষ্য, এবং আমি আনন্দিত যে আমি সেই প্রচেষ্টায় অবদান রাখতে পেরেছি এবং 2022 আইনের (S.9120A) অধ্যায় 544 স্পন্সর করতে পেরেছি, যা পেন স্টেশন অ্যাক্সেস পরিকল্পনাকে (Penn Station Access Plan) অগ্রসর হতে দিবে এবং ব্রঙ্কসে চারটি নতুন মেট্রো-নর্থ স্টেশন নিয়ে আসবে।"

**অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন,** "মহামারী এবং এর পরবর্তী প্রভাব নিউ ইয়র্ককে আরো বলিষ্ঠ করার একটি সুবর্ণ সুযোগ। এটি হলো আমাদের সুযোগ এমনভাবে পুনরুদ্ধারের যা আমাদের অর্থনীতির প্রবৃদ্ধি করে, তা টেকসইভাবে করে এবং সকল সম্প্রদায়কে সাহায্য করে। আমি অনেক কৃতজ্ঞ যে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস ইতিহাসের এই মুহূর্তকে সনাক্ত করেছেন এবং লুফে নিয়েছেন নিউ ইয়র্ককে কাজ, বসবাস, ও ভ্রমণের একটি গন্তব্য হিসেবে পুনরায় উদ্ভাবন করার জন্য।"

**অ্যাসেম্বলি সদস্য জেনিফার রাজকুমার বলেন,** "ভবিষ্যৎ গণনা করার সেরা উপায় হলো তা তৈরি করা, এবং গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস *নতুন* নিউ ইয়র্ক দিয়ে ঠিক তাই করেছেন। যেহেতু আমরা কোভিড-19 মহামারী থেকে বের হয়ে আসছি, তাই নিউ ইয়র্ক এখন আমাদের শহরকে এবং কীভাবে এটি সকল নিউ ইয়র্কবাসীকে সেরা সেবা দিতে পারবে তা পুনঃকল্পনা করার একটি নজিরবিহীন সন্ধিক্ষণে রয়েছে, এবং আমাদের নির্বাহী নেতৃবৃন্দ সেই উপলক্ষে দারুণ কাজ করেছেন। ব্যবসায়িক জেলাগুলিকে আবাসিক জোনিং অন্তর্ভুক্ত করা, যাতায়াতের সময় দ্রুত করা, এবং কর্মসংস্থান সৃষ্টি ও অর্থনৈতিক সচলতার প্রচার করার এই পরিকল্পনা আমাদের শহরকে এমন একটি পথে স্থাপন করবে যাতে এটি এর সর্বকালের সেরা প্রাণবন্ত, সমৃদ্ধ ও ন্যায্য রূপ ধারণ করতে পারে। আমি মেয়র ও গভর্নরের সাথে *নতুন* নিউ ইয়র্ক বাস্তবায়নে অংশীদারিত্ব করতে উন্মুখ, যা নিউ ইয়র্কবাসীদের জন্য ভবিষ্যতের উজ্জ্বল দিন নিশ্চিত করবে।"

**কুইন্স বরোর প্রেসিডেন্ট ডোনোভ্যান রিচার্ডস জুনিয়র বলেন,** "আমাদের জীবনযাত্রায় কোভিড-19 মহামারীর সুদূরপ্রসারী প্রভাব আমাদেরকে বাধ্য করেছে একটি অর্থনীতি প্রবৃদ্ধি ও টেকসই করতে সাহসী নতুন পন্থা বের করার যা সত্যিই কুইন্স ও আমাদের শহরজুড়ে সকলের জন্য লাভজনক হবে। *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সুপারিশসমূহ আমাদের ব্যবসায়িক জেলাসমূহের সমৃদ্ধ ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য এবং সম্পূর্ণ অঞ্চলের জন্য একটি সমতার ও বলিষ্ঠ অর্থনীতি অর্জন করার একটি যুক্তিসম্মত পথ প্রতিষ্ঠা করে। আমি গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, এবং নেই কর্মপরিকল্পনায় কাজ করা সকলের প্রশংসা করছি একটি অগ্রগামী চিন্তার পন্থা তৈরি করার জন্য যা আমাদের ভবিষ্যৎ অর্থনৈতিক বিকাশের জন্য আমাদের প্রয়োজন।"

**স্ট্যাটেন আইল্যান্ড বরোর প্রেসিডেন্ট ভিটো জে. ফসেলা বলেন,** "আমি এই উদ্যোগ গ্রহণের জন্য গভর্নর হোকল ও মেয়র অ্যাডামসের প্রশংসা ও সমর্থন করছি। মূলত নিউ ইয়র্ক সিটিকে অবশ্যই সর্বনিম্ন আমলাতন্ত্র দ্বারা আরো ব্যবসাবান্ধব হওয়ার জন্য অভিযোজন ও পরিবর্তন করতে পারবে হবে। যেহেতু স্ট্যাটেন আইল্যান্ড এর একটি অংশ হতে যাচ্ছে, তাই নর্থ শোর ওয়াটারফ্রন্টকে পুনর্জীবিত করা এবং চিরতরে সকলের জীবনযাত্রার মান উন্নত করার এটি একটি সুবর্ণ সুযোগ। প্রত্যাশা করা যাচ্ছে যে *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের কাজ আমাদের শহরকে মহৎ অন্তর্ভুক্তিকর স্থান হিসেবে বিশ্বের শীর্ষস্থানেই রাখবে যেখানে নিউ ইয়র্কবাসীরা বসবাস, কাজ ও খেলাধুলা করতে পারে।"

**ব্রঙ্কস বরোর প্রেসিডেন্ট ভ্যানেসা এল. গিবসন বলেন,** "আমাদের স্টেট ও শহরের অর্থনীতিকে পুনরায় উজ্জীবিত করার একটি সামগ্রিক মনোযোগ নিয়ে মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকল *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের গঠনে সমতা ও ন্যায্যতার উপর অগ্রাধিকার প্রদান

করেছেন। এই উদ্ভাবনী ও ঐতিহাসিক পন্থা আমাদের এলাকার বিশেষজ্ঞদেরকে আমাদের স্টার্টআপ, ক্ষুদ্র ব্যবসা, এবং কর্পোরেশনকে পথ প্রদর্শন ও মেন্টর করতে নিয়ে এসেছে যার লক্ষ্য হলো তাদেরকে আজকের আধুনিক অর্থনীতিতে সমৃদ্ধি করতে দেখা। ধন্যবাদ মেয়র অ্যাডামস, গভর্নর হোকল, এবং নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনকে আমাদের বাণিজ্যিক করিডোর, অর্থনৈতিক সচলতা পুনঃকল্পনা করতে, এবং ঐতিহাসিকভাবে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহে চাকরির প্রতিবন্ধকতা অপসারণ করতে তাদের প্রতিশ্রুতির জন্য। আমরা তাদের কর্মপরিকল্পনা কার্যকর হতে দেখতে উন্মুখ।"

**প্রথম ডেপুটি মেয়র লোরাইন গ্রিলো বলেন,** "আজকের কর্মপরিকল্পনা শহরের জন্য মেয়র ও গভর্নরের কাছ থেকে একটি ঐক্যবদ্ধ ভিশন প্রদর্শন করে যা আমাদের বাণিজ্যিক জেলাগুলিকে পুনঃকল্পনা করবে, আবাসন সরবরাহ বৃদ্ধি করবে, এবং কর্মজীবী পরিবারকে সমর্থন করবে। আমি *নতুন* নিউ ইয়র্ক প্যানেল এবং এর সহপ্রধান রিচার্ড বুয়েরি ও ড্যানিয়েল ডক্টরোফের প্রশংসা করছি এই বৈচিত্র্যময় স্টেকহোল্ডারদের সেটকে নেতৃত্বদানে তাদের সৃজনশীলতা ও প্রতিশ্রুতির জন্য যার ফলস্বরূপ: শহরকে পুনর্জীবিত করতে আমাদের কাজ করার মতো 40টি উদ্যোগ পাওয়া গেছে।"

**অর্থনৈতিক এবং কর্মীবাহিনী বিকাশের ডেপুটি মেয়র মারিয়া টোরেস-স্প্রিঙ্গার বলেন,** "কয়েক শতাব্দী ধরে এবং বিভিন্ন সঙ্কটের মধ্যে দিয়ে, আমরা এমন সিদ্ধান্ত নিয়েছে যা আমাদের ইতিহাসের, মানুষের জীবনের এবং আমাদের শিল্পখাতের ভাগ্যের মোড় ঘুরিয়ে দিয়েছে। আমি অতি আনন্দিত যে শহর ও স্টেটের দলগুলি আজকে এই কর্মপরিকল্পনা প্রকাশ করেছে, যা সেই একই কাজ করবে এবং *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের বহু মাসের পরিশ্রম ও মূল্যবান অন্তর্দৃষ্টিকে ব্যবহার করবে। এখন এই পরিকল্পনা বাস্তবায়নের কঠিন কাজটি শুরু হবে, এবং আমি অংশীদারদের বৃহৎ এবং ক্রমবর্ধমান কোয়ালিশনের সাথে কাজ করতে উন্মুখ যারা এই প্রচেষ্টার কারণে একত্রিত হয়েছে একটি আরো বলিষ্ঠ শহর গঠনের জন্য যা সকল নিউ ইয়র্কবাসীর জন্য প্রগতিশীল হবে এবং বিশ্বকে নেতৃত্ব দিয়ে যাবে।"

**কৌশলী উদ্যোগের ডেপুটি মেয়র শিনা রাইট বলেন,** "'নিউ ইয়র্ককে সকলের জন্য প্রগতিশীল করা' কর্মপরিকল্পনা প্রকাশ করার মাধ্যমে, আগামীকালের নিউ ইয়র্ক সিটির শুরু হচ্ছে আজকে। এই পরিকল্পনার সম্মুখের এবং কেন্দ্রীয় পরিকল্পনা হচ্ছে আমাদের অর্থনীতিকে জোরদার করা, কিন্তু একটি সমতার লেন্সের মাধ্যমে, প্রশাসনের একাধিক বিলিয়ন মার্কিন ডলারের চাইল্ডকেয়ার নীলনকশার ভিত্তির উপর গঠন করা এবং কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের অর্থনৈতিক সচলতাকে দীর্ঘদিন ধরে প্রতিরোধ করে রাখা ঐতিহাসিক প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলা। আমি ক্রস-খাতের সহযোগিতার এবং সাহসী ভিশনের প্রশংসা করছি যা আমাদের শহরকে আরো ভালো কিছুতে রূপান্তরিত করবে।"

**কর্মকাণ্ড পরিচালনার ডেপুটি মেয়র মিরা জোশি বলেন,** "মহামারী আমাদের শহরের সরকারি স্থানগুলির নকশা ও বিস্তৃতকরণে একটি সৃজনশীল, বিস্তৃতি, এবং অর্থপূর্ণ পন্থার সামাজিক ও অর্থনৈতিক প্রয়োজন তুলে ধরেছে। যেহেতু অফিসের কাজের প্রকৃতি বদলে যাচ্ছে, তাই আমাদেরকে শহরজুড়ে আমাদের ব্যবসায়িক জেলাগুলিকেও পুনঃকল্পনা করে সরকারি

স্থান সম্পদ হিসেবে বিবেচনা করতে হবে, এগুলিকে সকল বয়সের বাসিন্দা ও পর্যটকদের জন্য আধুনিক, হাঁটার উপযোগী, পথচারী অভিমুখী গন্তব্যে পরিণত করতে হবে।"

**প্রধান আবাসন কর্মকর্তা জেসিকা ক্যাটজ বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেল শহরকে মহামারী থেকে আগের যেকোনও সময়ের থেকে আরো বলিষ্ঠভাবে ফেরত আনার একটি স্পষ্ট ভিশনের রূপরেখা প্রদান করে, এবং তার মধ্যে রয়েছে আমাদের সকল প্রতিবেশীর কাছে তাদের প্রয়োজনীয় আবাসন, সমর্থন ও সংস্থান থাকা নিশ্চিত কইরা। আমি সাবেক ডেপুটি মেয়র বুয়েরি এবং ডক্টরোফের প্রশংসা করছি আমাদের শহরের প্রতি তাদের অব্যাহত নিবেদনের জন্য এবং সকলের সাথে একত্রে কাজ করতে উন্মুখ যেহেতু আমরা একসাথে নতুন একটি নিউ ইয়র্ক গঠন করবো।"

**নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনের (New York City Economic Development Corporation) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু কিম্বল বলেন,** "'নিউ ইয়র্ককে সকলের জন্য প্রগতিশীল করা' কর্মপরিকল্পনাটি নিউ ইয়র্ক সিটির জন্য একটি নতুন অগ্রগামী পথের রূপরেখা প্রদান করে যা আমাদের বাণিজ্যিক জেলাগুলিকে আরো মিশ্র ব্যবহারে ভবন এবং প্রধান সরকারি রাজত্বের উন্নয়ন দ্বারা পুনঃকল্পনা করে, নিউ ইয়র্কবাসীর জন্য বিভিন্ন স্থানে যাতায়াতকে সহজতর ও আরো সাশ্রয়ী করে এবং একইসাথে সমতার অর্থনৈতিক প্রবৃদ্ধিকে অনুপ্রাণিত করে। সুপারিশের এই সিরিজটি, যার নেতৃত্ব দিয়েছেন দুইজন সাবেক ডেপুটি মেয়র এবং নিউ ইয়র্কের সবথেকে উদ্ভাবনী চিন্তাবিদগণ, মিডটাউনের পাশাপাশি সম্পূর্ণ নিউ ইয়র্ক সিটি অঞ্চলের অব্যবহৃত সম্ভাবনাকে প্রদর্শন করে। আমি সরকারে এবং বেসরকারি খাতে আমার অংশীদারদের সাথে কাজ করতে উন্মুখ যাতে করে এই সুপারিশসমূহকে বাস্তব করতে পারি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো প্রাণবন্ত ও অন্তর্ভুক্তিকর অর্থনীতি গঠন অব্যাহত রাখতে পারি।"

**নগর পরিকল্পনা কমিশনের (City Planning Commission) প্রধান ও নিউ ইয়র্ক সিটি নগর পরিকল্পনা বিভাগের (New York City Department of City Planning) পরিচালক ড্যান গারোডনিক বলেন,** "এটি একটি বুদ্ধিমান, নিউ ইয়র্ক সিটি আকারের পরিকল্পনা, যার নকশা করা হয়েছে আমাদের বর্তমান সমস্যাসমূহকে সামনে থেকে মোকাবেলা করার জন্য। একত্রে, আমরা এমন একটি শহর বানাতে পারি যা নিউ ইয়র্কবাসীদেরকে আরো সহজে একটি সাশ্রয়ী বাসা, একটি ভালো বেতনের চাকরি, এবং একটি সরলীকৃত যাতায়াত ব্যবস্থা খুঁজে নিতে এবং আরো উন্নত সরকারি উন্মুখ স্থান উপভোগ করতে দিবে। আসুন এর কাজ শুরু করা যাক।"

**মেয়রের প্রতিভা ও কর্মীবাহিনী বিকাশ অফিসের (Office for Talent and Workforce Development) নির্বাহী পরিচালক অ্যাবি জো সিগাল বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেলের লক্ষ্য এবং সুপারিশসমূহ সঠিকভাবেই সনাক্ত করেছে যে অন্তর্ভুক্তিকর, ভবিষ্যৎ কেন্দ্রিক প্রবৃদ্ধি নির্ভর করে নিউ ইয়র্কবাসীদের ক্যারিয়ারের সফলতার পথে স্থাপন করার মাধ্যমে যা শুরু হয় K-12 তে এবং তাদের পুরো জীবন চলে। নিউ ইয়র্ক সিটি কর্মীবাহিনী বিকাশ বোর্ডকে (New York City Workforce Development Board) পুনঃকল্পনা করা, শিক্ষার্থীদের ক্যারিয়ারের সফলতার উদ্দেশ্যসমূহ এবং কর্মভিত্তিক শিক্ষার সুযোগকে নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুল এবং নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) কর্মসূচিসমূহে সংযুক্ত করা, এবং

নিউ ইয়র্কবাসীদের জন্য চাকরিদাতাদের মূল্যায়নকৃত সনদ স্বীকৃতি অর্জন ও উপার্জন একসাথে করার সুযোগ সম্প্রসারণ করা হলো বাস্তব পদক্ষেপ যা আমরা আরো অন্তর্ভুক্তিকর অর্থনীতি এবং সত্যিকারের সকলের জন্য সমৃদ্ধি বাস্তব করতে গ্রহণ করতে পারি।"

**নিউ ইয়র্ক সিটির পরিবহন বিভাগের কমিশনার ইদানিশ রড্রিগেজ বলেন,** "ব্যবসাগুলি সমৃদ্ধি করে যখন DOT পথচারী ও বাইসাইকেল চালকদের জন্য স্বাগত জনগণের স্থান তৈরি করে। যেহেতু আমরা আমাদের মহামারী থেকে পুনরুদ্ধার অব্যাহত রেখেছি, তাই DOT আরো স্বাস্থ্যকর, আরো প্রাণবন্ত শহর তৈরি করতে সড়কগুলিকে নতুন উদ্দেশ্যে ব্যবহার করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমরা মেয়র অ্যাডামসকে ধন্যবাদ জানাচ্ছি তার ভিশনের জন্য এবং গভর্নরের সাথে এই দুর্দান্ত অংশীদারিত্বের জন্য, এবং আমরা এইসব দারুণ উদ্যোগে আরো বেশি সহযোগিতামূলক কাজ করতে উন্মুখ।"

**নিউ ইয়র্ক সিটি ক্ষুদ্র ব্যবসা সেবা বিভাগের (New York City Department of Small Business Services) কমিশনার কেভিন ডি কিম বলেন,** "নিউ ইয়র্ক সিটির ভবিষ্যৎ গঠিত হয় উদ্ভাবন দ্বারা। এই কর্মপরিকল্পনাটিতে রয়েছে যুগান্তকারী ধারণা যা আমাদের বাণিজ্যিক করিডোরগুলিকে পুনঃকল্পনা করবে, পরিবহন উন্নত করবে, এবং নিশ্চিত করবে যাতে আমাদের শহর প্রবৃদ্ধির ব্যাপারে ভবিষ্যৎ কেন্দ্রিক হয় এবং সেই সাথে উদ্যোক্তাদের সমর্থন করবে। আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহ, এবং কয়েক মিলিয়ন বাসিন্দা যারা এগুলিতে কাজ ও পৃষ্ঠপোষকতা উভয় করে, তারা এই পরিকল্পনা দ্বারা ব্যাপকভাবে উপকৃত হবে।"

**নিউ ইয়র্ক সিটির স্যানিটেশন বিভাগের (New York City Department of Sanitation) কমিশনার জেসিকা টিশ বলেন,** "এই প্রশাসন সবসময় স্পষ্ট করেছে: যেভাবে আছে সেভাবে আর চলতে পারে না। আমরা সংগ্রহ, কন্টেইনারজাতকরণ, এবং পরিশেষে পরিচ্ছন্নভাবে কাজটি শেষ করার ব্যাপারে নতুন করে চিন্তা করতে প্রতিশ্রুতিবদ্ধ, যাতে করে নিকু ইয়র্ক আগের থেকেও বলিষ্ঠভাবে ফেরত আসতে পারে।"

**নিউ ইয়র্ক সিটির সাংস্কৃতিক কর্মকাণ্ড বিভাগের (New York City Department of Cultural Affairs) কমিশনার লরি কুম্বো বলেন,** "শিল্প ও সংস্কৃতি হলো সেই সবকিছুর কেন্দ্রবিন্দু যা নিউ ইয়র্ককে বসবাস, কাজ ও খেলাধুলার জন্য এমন প্রাণবন্ত, প্রাণচঞ্চল স্থান বানায়। আমি *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সুদূরপ্রসারী কৌশলে কাজ করতে আগ্রহী যা আমাদের সাংস্কৃতিক সম্পদে বিনিয়োগ ও সেগুলোরই ব্যবহার করবে, যাতে করে এগুলি আমাদের স্থানীয় ব্যবসা ও এলাকার কেন্দ্রের প্রাণশক্তিতে অবদান রাখতে পারে।"

**নিউ ইয়র্ক সিটির পাবলিক ডিজাইন কমিশনের (New York City Public Design Commission, PDC) নির্বাহী পরিচালক শ্রেয়সী ব্যানার্জি বলেন,** "গত ছয় মাসের এই সৃজনশীল আলোচনার একটি অংশ হতে পারা আমার জন্য একটি অনন্য বিশেষাধিকার। সুন্দর, সহজলভ্য, ও অন্তর্ভুক্তিকর সরকারি রাজত্ব হস্তক্ষেপের পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ আমাদের ব্যবসায়িক জেলাগুলির আশেপাশে প্রাণবন্ত গন্তব্য ও বাসযোগ্য এলাকা গঠনে অনেক দূর যাবে। PDC ভবিষ্যতের সরকারি রাজত্বের পরিচালককে একটি সমৃদ্ধিশালী সরকারি রাজত্ব সমন্বয় করার জন্য একটি সার্বিক পন্থা তৈরিতে সাহায্য করার জন্য প্রস্তুত আছে।"

**NYC এবং কোম্পানি (NYC & Company) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্রেড ডিক্সন বলেন,** "নিউ ইয়র্ক সিটির পর্যটন অর্থনীতি কয়েক লাখ কর্মসংস্থানে অবদান রাখে, পাঁচটি বরোর প্রতিটিতে ব্যবসা সমর্থন করে এবং নিউ ইয়র্ক সিটিকে ব্যবসা ও আনন্দ ভ্রমণের জন্য বিশ্বের শীর্ষ গন্তব্য হিসেবে প্রদর্শন করে। আমরা *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের আজকের সুপারিশসমূহকে স্বাগত জানাচ্ছি এবং একটি সার্বিক কৌশলকে সমর্থন করছি যা নিউ ইয়র্ক সিটির পুনরুদ্ধার ও বিকাশে অব্যাহত বিনিয়োগ এবং উদ্ভাবন সমর্থন করা নিশ্চিত করবে।"

**মেয়রের মিডিয়া ও বিনোদন অফিসের (Office of Media and Entertainment) কমিশনার অ্যান ডেল ক্যাস্টিলো বলেন,** "নিউ ইয়র্ক সিটি বিশ্বের সৃজনশীল রাজধানী, এটি মিডিয়া ও বিনোদন খাতে 500,000-র বেশি চাকরি এবং 150 বিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক কর্মকাণ্ডকে সমর্থন করে। আমরা *নতুন* নিউ ইয়র্ক প্যানেল, বাণিজ্যিক জেলাগুলিকে সৃজনশীলতা, উদ্ভাবন, ও অন্তর্ভুক্তিকর প্রবৃদ্ধির প্রাণবন্ত কেন্দ্র হিসেবে পুনঃকল্পনা করা দেখতে উন্মুখ যা এইসব অত্যাবশ্যকীয় খাতকে বলীয়ান করবে যা মদের শহরের হৃদয় ও আত্মা।"

**নিউ ইয়র্ক সিটির পরিষদ সদস্য আমান্ডা ফারিয়াস বলেন,** "সমতার অর্থনৈতিক পুনরুদ্ধার আমাদের শহরের নেতৃবৃন্দের জন্য শীর্ষ অগ্রাধিকার। গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস এটি স্পষ্ট করেছেন আজকের ঘোষিত নতুন নিউ ইয়র্ক পরিকল্পনা দ্বারা। এই উদ্যোগগুলি আমাদের সম্প্রদায়ে, ব্যবসা এবং খাতের প্রবৃদ্ধি, পরিবহন এবং নিউ ইয়র্ক সিটির ভবিষ্যৎ কেন্দ্রিক পুনরুদ্ধারে বিনিয়োগের একটি দৃঢ় প্রতিশ্রুতি প্রদর্শন করে। এই পরিকল্পনাটি কৃষ্ণাঙ্গ ও বাদামি সম্প্রদায়সমূহের প্রয়োজনকে স্বীকৃতি দেয় যারা এখনো মহামারীর খেসারত দিচ্ছে, এবং একইসাথে ম্যানহাটনে এবং আউটার বরোগুলিতে আমাদের বিদ্যমান বাণিজ্যিক জেলাসমূহকে বলিষ্ঠ করতে কাজ করছে। অর্থনৈতিক বিকাশ কমিটির (Committee on Economic Development) প্রধান হিসেবে, আমি নতুন নিউ ইয়র্ক পরিকল্পনার একজন সক্রিয় অংশীদার হতে উন্মুখ।"

**ওয়ালমার্টের সেন্টার্স ফর এক্সিলেন্সের (Centers for Excellence, Walmart) বৈশ্বিক সংস্কৃতি, সমতা ও অন্তর্ভুক্তির পরিচালক ভিক্টর ক্যালিস বলেন,** "একটি সমতার পুনরুদ্ধারকে অবশ্যই একটি অ্যাক্সেসিবল পুনরুদ্ধার হতে হবে, এবং আমি আমার সহকর্মী প্যানেলিস্টদের সাথে কাজ করে অক্ষমতাসহ নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনকে সম্মুখসারিতে স্থাপন করতে পেরে আনন্দিত। মেয়র অ্যাডামস, গভর্নর হোকল, এবং *নতুন* নিউ ইয়র্ক দলকে ধন্যবাদ এই গুরুত্বপূর্ণ গোষ্ঠীর অন্তর্ভুক্তি নিশ্চিত করার জন্য এবং প্রকাশিত কর্মপরিকল্পনাটি যাতে নিউ ইয়র্কে আমাদের সকলের পরিচিত ও ভালোবাসার বৈচিত্র্যের প্রতিনিধিত্ব করে তা নিশ্চিত করার জন্য।"

**গ্র্যান্ড সেন্ট্রাল পার্টনারশিপের (Grand Central Partnership) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ফ্রেড সেরুলো বলেন,** "আমি এমন একটি বোর্ড এবং নাগরিক ও ব্যবসা নেতৃবৃন্দের বৈচিত্র্যময় ক্রস সেকশন, *নতুন* নিউ ইয়র্ক ব্লু রিবন প্যানেলে কাজ করার জন্য মেয়র অ্যাডামস ও গভর্নর হোকলের আহ্বান পেয়ে সম্মানিত হয়েছি, যাতে আমাদের কেন্দ্রীয়

ব্যবসায়িক জেলাগুলিকে নিউ ইয়র্কবাসীদের কাজ, যাতায়াত ও বসবাসের জন্য অত্যাবশ্যকীয় ও নিরাপদ 24/7 সম্প্রদায়ে পুনরায় উজ্জীবিত ও নতুন করে ব্যবহার করার জন্য দীর্ঘমেয়াদি, রূপান্তরকারী উদ্যোগ গ্রহণে শহরের এজেন্ডাকে অগ্রসর করতে সাহায্য করতে পারি। আমি সরকারে আমাদের অংশীদারদের সাথে এবং আমাদের এলাকার স্টেকহোল্ডারদের সাথে নতুন বছরে এমন অনেক দারুণ ধারণাতে কাজ করতে উন্মুখ।"

**প্র্যাকটিস ফর আর্কিটেকচার এবং আর্বানিজমের (Practice for Architecture and Urbanism) প্রতিষ্ঠাতা ও সৃজনশীলতা পরিচালক ভিশান চক্রবর্তী বলেন,** "এই কর্মপরিকল্পনাটি এমন বড় ধারণা প্রতিষ্ঠা করে যা আমাদেরকে আমাদের নতুন বাস্তবের প্রত্যুত্তরে অবিলম্বে বাস্তবায়ন করতে হবে, যদি প্রত্যেক বর্তমান ও ভবিষ্যৎ নিউ ইয়র্কবাসী সমৃদ্ধি করতে চায়, আমাদেরকে তাহলে অবশ্যই আমাদের এক জীবনযাত্রার মানকে উন্নত করতে হবে একটি প্রাণবন্ত বিশ্বমানের সরকারি রাজত্ব গঠন করার মাধ্যমে; আমাদেরকে অবশ্যই আমাদের বাণিজ্যিক জেলাগুলিকে আরো মিশ্র ব্যবহারের জন্য বানাতে হবে কৌশলী অফিস থেকে আবাসিক রূপান্তরের মাধ্যমে; আমাদেরকে অবশ্যই যাতায়াতের সময় ও অভিজ্ঞতা হ্রাস করতে হবে ব্যক্তিগত যানের ব্যবহার হ্রাস করার মাধ্যমে; এবং আমাদেরকে অবশ্যই আমাদের সামাজিক অবকাঠামো বলীয়ান করতে হবে। সময় খুবই গুরুত্বপূর্ণ, আমাদেরকে যা করার এখনই করতে হবে।"

**নিউ ইয়র্ক সিটির হোটেল অ্যাসোসিয়েশনের (Hotel Association of New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বিজয় ডান্ডাপানি বলেন,** "নিউ ইয়র্ক সিটিকে বিশ্বমানের শহরগুলির মধ্যে এর পূর্বের বিশিষ্ট অবস্থানে ফেরত আসতে দেখার অত্যন্ত অনুপ্রাণিত ও উৎসাহী স্টেকহোল্ডার ও চিয়ারলিডার হিসেবে, নিউ ইয়র্ক সিটি হোটেল অ্যাসোসিয়েশন মেয়রের *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের উদ্যোগসমূহ দেখে অতিশয় আনন্দিত। আমরা আত্মবিশ্বাসী যে এইসব উদ্যোগ শুধু নিউ ইয়র্ককে সম্মুখসারিতে ফেরতই আনবে না, বরং আমাদেরকে নতুন উচ্চতায় পৌঁছাতে সাহায্য করবে।"

**নাবরের (Nabr) প্রধান রেভিনিউ কর্মকর্তা এবং কর্নেল টেক আরবান টেক হাবের (Cornell Tech Urban Tech Hub) বহিরাগত পণ্ডিত কারা একহোম বলেন,** "প্যানেলের সুপারিশ বাস্তবায়ন করা হলে তা নিউ ইয়র্ককে টেকসই শহুরেপনার অগ্রদূত হিসেবে নিজের পরিচয় বজায় রাখতে দিবে। কোভিড পরিবারের সদস্যকে হারানো একজন চতুর্থ প্রজন্মের নিউ ইয়র্কবাসী হিসেবে আমি অতি গর্বিত যে শহর ও স্টেট এই মহামারী থেকে একটি ঐক্যবদ্ধ জোট হিসেবে বের হয়ে আসছে। একটি উন্নত বাইক নেটওয়ার্ক থেকে শুরু করে শহুরে প্রযুক্তির জন্য সম্প্রসারিত পাইলট কর্মসূচি শহরের প্রাণোচ্ছলতা ফেরত আনবে।"

**শুবার্ট অর্গানাইজেশনের (Shubert Organization) নির্বাহী ভাইস প্রেসিডেন্ট এবং NYC এবং কোম্পানি বোর্ডের প্রধান চার্লস ফ্ল্যাটম্যান বলেন,** "আজকের প্রকাশিত *নতুন* নিউ ইয়র্ক সুপারিশ নিউ ইয়র্ক সিটির পুনরুদ্ধার নিশ্চিত করতে একটি স্পষ্ট সংকল্প প্রদর্শন করে। আমরা পর্যটন ও আতিথেয়তা খাতের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধিকে এবং শহরের প্রতিযোগিতামূলক অবস্থার ক্ষেত্রে এর অবদানকে সমর্থন করবে এমন সংস্থান তৈরিতে একটি

সার্বিক কৌশল সনাক্ত করতে গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, এবং প্যানেলের কাজের প্রশংসা করছি।"

**নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির মেডগার এভার্স কলেজের (Medgar Evers College) সহযোগী অধ্যাপক ওয়ালেস ফোর্ড দ্য সেকেন্ড বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানলে অংশগ্রহণ করতে আমন্ত্রিত হওয়া আনন্দ ও সম্মানের একটি ব্যাপার, যা একটি উচ্চাকাঙ্ক্ষী এবং বিশেষভাবে অর্জনযোগ্য একটি পরিকল্পনা উপস্থাপন করেছে যার ফলে একটি নতুন ও উন্নত নিউ ইয়র্ক সিটি পাওয়া যাবে। প্রাতিষ্ঠানিক এবং পরিব্যাপক বর্ণবাদ সংক্রান্ত ও জাতিগত অসমতা সমাধানের প্রতি মনোযোগটি ঐতিহাসিক, নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটিকে নিউ ইয়র্ক সিটি শিক্ষা বোর্ডের (New York City Board of Education) সাথে যুক্তকারী K-BA উদ্যোগটি কিন্ডারগার্টেন থেকে শুরু করে নিউ ইয়র্ক সিটির সরকারি স্কুলের প্রতিটি শিশুর জন্য একটি কলেজ ডিগ্রি অর্জনের পথ প্রদান করবে। সত্যিকারের পরিবর্তন হতে হয় K-BA উদ্যোগের মতোই!"

**ওয়েস্টচেস্টার ব্যবসা পরিষদের (Business Council of Westchester) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডাঃ মার্শা গর্ডন বলেন,** "প্যানেলের সুপারিশসমূহ শুধু নিউ ইয়র্ক সিটির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নয়, বরং এটি বৃহত্তর এলাকারও প্রতিফলন, যার মধ্যে আছে মিড হাডসন ভ্যালি, যা অর্থনৈতিক ব্যবস্থার একটি অবিচ্ছেদ্য অংশ। একসাথে কাজ করে, এই লক্ষ্যগুলিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আমরা নিউ ইয়র্কের ভবিষ্যতের জন্য একটি নতুন ভিশন অর্জন করতে পারবো।"

**গ্রেটার নিউ ইয়র্ক YMCA (YMCA of Greater New York) এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা শ্যারন গ্রিনবার্গার বলেন,** "সমতার প্রবৃদ্ধির পালন করা সকল নিউ ইয়র্ক সিটি সম্প্রদায় যাতে বিকাশ ও সমৃদ্ধি করতে পারে তা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। *নতুন* নিউ ইয়র্ক কর্মপরিকল্পনা বিশেষ কৌশল ও পদ্ধতির প্রস্তাব করে যাতে নিউ ইয়র্কবাসীর জন্য আগামীকালের কর্মিবাহিনীতে সম্পূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা যায়, যা আমাদের সকলের জন্য আরো বলিষ্ঠ সম্প্রদায় গঠন করবে। Y এবং আমরা যাদের সেবাদান করি সেই সকল নিউ ইয়র্কবাসীর পক্ষে, আমি গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, এবং আমার সহকর্মী প্যানেলিস্টদের ধন্যবাদ জানাতে চাচ্ছি এই সার্বিক কর্মপরিকল্পনা বিকাশে তাদের নেতৃত্বের জন্য।"

**চাইনিজ-আমেরিকান পরিকল্পনা পরিষদের (Chinese-American Planning Council) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ওয়েইন হো বলেন,** "আমরা *নতুন* নিউ ইয়র্ক প্যানেলের অংশ হতে পেরে অতিশয় আনন্দিত এবং গঠিত যৌথ কর্মপরিকল্পনাটির প্রশংসা করছি। নিউ ইয়র্ক সিটির এশিয়ান আমেরিকান এলাকাগুলি কোভিডের কারণে স্টেট বন্ধ হয়ে যাওয়ার দুই মাসে আগে নেতিবাচকভাবে প্রভাবিত হয়েছে, তাই আমাদের শহরের অর্থনৈতিক পুনরুদ্ধার অন্তর্ভুক্তিকর ও সমতার হওয়া উচিত। আমরা বর্ধিত চাইল্ডকেয়ার, উন্নত পরিবহন, বর্ধিত আবাসন, এবং অশ্বেতাঙ্গ সম্প্রদায়, নারী, এবং অক্ষমতাসহ মানুষের জন্য সম্প্রসারিত চাকরির সুযোগে এই কর্মপরিকল্পনাটির মনোযোগের প্রতি সমর্থন প্রদান করছি।"

**নিউ ইয়র্ক ইউনিভার্সিটির প্রফেশনাল স্টাডিজ স্কুলের (New York University School of Professional Studies) ডিন অ্যাঞ্জি কামাথ বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সুপারিশসমূহ সাহসী কিন্তু পুরো শহরের বাণিজ্যিক জেলাগুলিকে সাহায্য করার ক্ষেত্রে ব্যবহারিক, এমন একটি উপায়ে যার মনোযোগ হবে অন্তর্ভুক্তিকর পুনরুদ্ধার। ভালো চাকরি, ভালো সুযোগসুবিধা, নমনীয়তা এবং অর্থনৈতিক সচলতা নিউ ইয়র্ক সিটি, সম্প্রদায় এবং পরিবারের জন্য অতি গুরুত্বপূর্ণ। *নতুন* নিউ ইয়র্ক প্যানেলটি নিউ ইয়র্ক সিটির প্রতিষ্ঠানগুলিকে নোঙ্গর করে দ্রুত করা যাবে এমন কাজকে অগ্রাধিকার দিয়েছে যা আগামী অনেক বছরের জন্য সুযোগ তৈরি করবে।"

**হোটেল এবং গেমিং বাণিজ্য পরিষদ (Hotel and Gaming Trades Council), AFL-CIO, প্রেসিডেন্ট রিক মারোকো বলেন,** "আমি মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই *নতুন* নিউ ইয়র্ক প্যানেলটি সমবেত করার জন্য, এবং সেই সাথে আমাদের সহকর্মী প্যানেল সদস্যদেরকেও ধন্যবাদ জানাই বিগত মাসগুলিতে তাদের দুর্দান্ত অবদানের জন্য। এই শহরের জন্য একটি সমতার পুনরুদ্ধার নিউ ইয়র্ক সিটির আতিথেয়তা কর্মীদের ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ, যারা বিগত কয়েক বছর সবথেকে কঠিন কিছু সমস্যার সম্মুখীন হয়েছে। এই প্যানেল থেকে সৃষ্ট অনেক ধারণা নিঃসন্দেহে আমাদের সদস্যদের কাজে ফেরত যেতে সাহায্য করবে, এবং আমি সেই ধারণাসমূহকে কাজে পরিণত হতে দেখতে উন্মুখ।"

**বেটার নিউ ইয়র্ক অ্যাসোসিয়েশনের (Association for a Better New York, ABNY) প্রধান নির্বাহী কর্মকর্তা মেলভা এম. মিলার বলেন,** "যৌথ কর্মপরিকল্পনাটি সরকারি, বেসরকারি, এবং অলাভজনক স্টেকহোল্ডারদের একত্রিত করার একটি দুর্দান্ত সুযোগ প্রদান করে যা আরো ভালো ও সমতার একটি নিউ ইয়র্ক গঠন করবে। পরিকল্পনার চাবিকাঠি হবে পাঁচটি বরোর প্রতিটিতে আমাদের কেন্দ্রীয় ব্যবসায়িক জেলাগুলির বাসযোগ্যতা বৃদ্ধি করা, ফলে কোভিড--19 মহামারী থেকে আমাদের বের হয়ে আসার সময় প্রবৃদ্ধির জন্য অন্তর্ভুক্তিকর সুযোগ সৃষ্টি করা। ABNY গভর্নর, মেয়র এবং সকল স্টেকহোল্ডারদের সাথে এই পরিকল্পনা বাস্তবায়নে কাজ করা অব্যাহত রাখতে উন্মুখ।"

**রিকগনাইজের (Recognize) ব্যবস্থাপনা পরিচালক এবং সহপ্রতিষ্ঠাতা চার্লস ফিলিপ বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেল নিউ ইয়র্ককে অর্থনৈতিকভাবে সচল করার জন্য অতি গুরুত্বপূর্ণ খাতগুলিতে একটি স্টেজ, নিবিড় দৃষ্টি প্রদান করেছে। একটি বৈচিত্র্যময় এবং অধিক অভিজ্ঞ প্যানেলের আউটপুট ছিলো বিশিষ্ট এবং সুচিন্তিত সুপারিশ, এবং শহর ও স্টেট সেগুলিকে সম্মুখে অগ্রসর হওয়ার একটি যৌথ এজেন্ডার রোডম্যাপ হিসেবে গ্রহণ করার বিচক্ষণতা প্রদর্শন করেছে।"

**ব্রুকলিন কমিউনিটি ফাউন্ডেশনের (Brooklyn Community Foundation) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা যা জোসিলিন রেইনি বলেন,** "ব্রুকলিনের প্রতিনিধিত্ব করতে পারা এবং স্টেট ও শহরের নেতৃবৃন্দের সাথে কাজ করে এটি নিশ্চিত করতে পৰ যাতে নিউ ইয়র্কের ফেরত আসার পরিকল্পনা আরো সমতার ও ন্যায্য ভবিষ্যতের জন্য আমাদের এক ভিশনকে অগ্রসর করে তা অত্যন্ত সম্মানের ব্যাপার। কোভিড-19 মহামারীর চাপ সহ্য করার পর, আউটার বরোর অশ্বেতাঙ্গ সম্প্রদায়গুলিকে অবশ্যই আমাদের কাজের কেন্দ্রে রাখতে হবে

যাতে নিশ্চিত করা যায় যে তারা সেই অর্থনৈতিক সুযোগ ও বিনিয়োগ পায় যা তাদের অনেক বেশি প্রাপ্য।"

**কুইন্স থিয়েটারের (Queens Theatre) নির্বাহী পরিচালক, এবং কালচারাল ইন্সটিটিউশনস গ্রুপের (Cultural Institutions Group) প্রধান টারিন স্যাক্রেমন বলেন,** "এই পরিকল্পনা উপলব্ধি করে নিউ ইয়র্ক সিটির সাংস্কৃতিক প্রতিষ্ঠানগুলি শহরের স্বাস্থ্য ও প্রবৃদ্ধির জন্য কতটা অত্যাবশ্যকীয়। পরিকল্পনার বিশেষ কিছু উদ্যোগ সাংস্কৃতিক খাতের ধারণক্ষমতা সম্প্রসারণ করবে যা নিউ ইয়র্কবাসী ও দর্শনার্থীদের আকৃষ্ট ও সেবাদান করবে। শিল্পী ও সংস্কৃতি কর্মীরা পরিকল্পনার সুপারিশসমূহ দ্বারা লাভবান হবে, যার মধ্যে আছে আরো সহজলভ্য পরিবহন এবং সাশ্রয়ী চাইল্ডকেয়ার বিকল্প, এবং এগুলি আরো সুন্দর ও প্রাণবন্ত সরকারি রাজত্বের বাস্তবায়নেও একটি মুখ্য ভূমিকা পালন করবে। আমি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রতি কৃতজ্ঞ যে তারা এমন অগ্রগামী চিন্তার এবং মূল্যবোধ চালিত প্যানেলে প্রতিশ্রুতিবদ্ধ নেতৃবৃন্দের একটি দুর্দান্ত দলের সাথে আমাকে সেবাদান করার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।"

**ব্লুমবার্গ অ্যাসোসিয়েটসের (Bloomberg Associates) পরিবহন প্রিন্সিপ্যাল জ্যানেট সাদিক-খান বলেন,** "নিউ ইয়র্কের অর্থনৈতিক ভবিষ্যৎ নির্ভর করে অন্তর্ভুক্তিকর, বৈচিত্র্যময় এলাকাসমূহের উপর যেখানে মানুষ থাকতে চাবে, শুধু কাজ করতে নয়। নিউ ইয়র্ক সবসময় তার স্থিতিস্থাপকতা এবং প্রতিকূলতা থেকে বলিষ্ঠ পুনরুদ্ধারের জন্য পরিচিত এবং এর স্থান ও ব্যক্তির উপর মনোযোগ প্রদান করে এই পরিকল্পনাটি শহরের পরবর্তী অধ্যায় লিখতে সাহায্য করবে।"

**টেক:NYC (Tech:NYC) এর প্রতিষ্ঠাতা ও হ্যাঙ্গারের (Hangar) অংশীদার জুলি স্যামুয়েলস বলেন,** "প্রযুক্তির চাকরিদাতারা সেখানেই যাবে যেখানে তারা যাদের নিয়োগ দিতে চায় তারা থাকে, এবং সেই প্রতিভার অনেকটাই এখানে, নিউ ইয়র্কে রয়েছে। আমরা উৎসাহিত হয়েছি যে *নতুন* নিউ ইয়র্ক প্যানেলটি, যা মেয়র ও গভর্নরের সমর্থন পাচ্ছে, একটি প্রাণবন্ত, বসবাসযোগ্য শহর গঠনে সমানভাবে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে মানুষ থাকতে চাইবে। এই ব্যাপারে সফলতা অবধারিতভাবে আমাদের স্থানীয় প্রযুক্তির ইকোসিস্টেমে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাফল্য সৃষ্টি করবে এবং আমি এই কাজ অগ্রসর করতে অংশীদার হতে পেরে আনন্দিত।"

**ম্যানহাটন চেম্বার অফ কমার্সের (Manhattan Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জেসিকা ওয়াকার বলেন,** "নিউ ইয়র্ক এর খ্যাতির উপর নির্ভর করতে পারে না যখন দূরবর্তী কর্মীদের প্রতিযোগিতা এতো বেশি। সৌভাগ্যবশত, মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকল এটি বুঝেন। তাদের এই দূরদৃষ্টি ছিলো যে আমাদের শহরকে পুনরায় উদ্ভাবিত করতে সাহায্য করার জন্য সেরা বুদ্ধিমানদের একত্রিত করতে হবে, যেমনটি এর মহান ইতিহাসজুড়ে এটি বার বার করেছে। এখন, আমাদেরকে অবশ্যই একত্রে কাজ করে প্রয়োজনীয় পরিবর্তন বাস্তবায়ন করতে হবে।"

**HR&A এর সিনিয়র উপদেষ্টা করল ওয়েসব্রড বলেন,** "আমি পদক্ষেপের দুর্দান্ত একটি এজেন্ডা তৈরিতে গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের, এবং তাদের কর্মীদের মধ্যকার

নজিরবিহীন সহযোগিতার প্রশংসা করছি। তাদের প্রতিশ্রুতি বিশ্বের বিশিষ্ট শহর হিসেবে নিউ ইয়র্কের অব্যাহত ভবিষ্যতের জন্য কল্যাণকর।"

**নিউ ইয়র্কের রিয়েল এস্টেট বোর্ডের (Real Estate Board of New York, REBNY) প্রেসিডেন্ট জেমস হোয়েলান বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেলটি সরকারি ও বেসরকারি খাতের স্টেকহোল্ডারদের একত্রিত করেছে এমন পলিসিতে একসাথে কাজ করার জন্য যা আমাদের কেন্দ্রীয় ব্যবসায়ী জেলাগুলিকে পুনরায় উজ্জীবিত করবে, অতি প্রয়োজনীয় আবাসন তৈরি করবে, এবং সকল নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করবে এবং চাকরির বিকাশ সমর্থন করবে। REBNY এই প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পেরে আনন্দিত এবং আজকের ঘোষিত উচ্চাকাঙ্ক্ষী কর্মপরিকল্পনার বাস্তবায়নকে সমর্থন করতে আগ্রহী। ধন্যবাদ গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসকে, নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক ভবিষ্যতের এই অতি গুরুত্বপূর্ণ বিষয়ে তাদের নেতৃত্বের জন্য।"

**আঞ্চলিক পরিকল্পনা অ্যাসোসিয়েশনের (Regional Plan Association) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা টম রাইট বলেন,** "*নতুন* নিউ ইয়র্ক প্যানেলের সাহসী ও বিস্তৃত প্রস্তাবনাসমূহ শহর ও অঞ্চলকে কোভিড থেকে একটি সমতার ও টেকসই পুনরুদ্ধারে নেতৃত্ব প্রদান করবে। এই সুপারিশগুলি, যা বাণিজ্যিক রূপান্তর, জনগণের স্থান, আবাসন সুযোগ, এবং চলাচলের উন্নয়নের মতো বৈচিত্র্যময় বিষয় নিয়ে কথা বলেছে, তা দীর্ঘমেয়াদি অগ্রগতির একটি কৌশলী নীলনকশা প্রদান করে এবং শহর, স্টেট, বেসরকারি ও নাগরিক খাতে দৃঢ় সমন্বয় প্রদর্শন করে। আমরা এই প্রশংসনীয় লক্ষ্যসমূহ অর্জন করতে সাহায্য করার জন্য নিবিড়ভাবে প্রতিশ্রুতিবদ্ধ, এবং গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, রিচ বুয়েরি, এবং ড্যান ডক্টরোফকে এইসব মৌলিক সমস্যা সমাধানে তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

**নিউ ইয়র্ক সিটি পার্টনারশিপের (Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন,** "এই পরিকল্পনা আমাদের শহরের মহামারী পরবর্তী ভবিষ্যতের একটি এক ভিশন গ্রহণ করতে গভর্নর হোকল ও মেয়র অ্যাডামসের সহযোগিতামূলক প্রচেষ্টাকে অগ্রসর করে। এতে রয়েছে এমন কর্মকাণ্ড যা বাস্তব করতে সাহায্য করার জন্য *নতুন* নিউ ইয়র্ক প্যানেলে অংশগ্রহণ করা নিউ ইয়র্কবাসীদের একটি বৃহৎ কোয়ালিশন প্রস্তুত আছে।"

**সাউথ ব্রঙ্কস ওভারঅল ইকোনওমিক ডেভেলপমেন্ট কর্পোরেশনের (South Bronx Overall Economic Development Corporation) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা লর্ডেস জাপাটা বলেন,** "গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রশংসা করতেই হচ্ছে এই দুর্দান্ত নেতৃবৃন্দের গোষ্ঠীকে সমবেত করতে তাদের নজিরবিহীন অংশীদারিত্বের জন্য, এবং আমাদের শহর ও অঞ্চলের ভবিষ্যতের ভিশন পুনরায় স্থির করতে কাজ করার জন্য। সমতার পুনরুদ্ধারে জোর প্রদান এবং সক্রিয় ও প্রগতিশীল সমস্যা সমাধান নিশ্চিত করবে যাতে এই পরিকল্পনার ভিশনারি এবং উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য ও উদ্দেশ্যে আমাদের শহরের প্রতিটি কোণাকে স্পর্শ করে। এই বিস্তৃত পরিকল্পনাটির কাজ বাস্তবায়ন করা নিশ্চিত করা আমাদের সকলের উপর আরোপিত দায়িত্ব যাতে আমাদের ক্ষুদ্র ব্যবসাসমূহের চলমান সাফল্য, আমাদের সম্প্রদায়ের সকল সদস্যের জন্য দৃঢ় সমর্থন, বিশেষ করে কৃষ্ণাঙ্গ, আদিবাসী, ও অশ্বেতাঙ্গ

(Black, Indigenous, and people of color, BIPOC) এবং অন্য কোনওভাবে অধিকারবিহীন গোষ্ঠীসমূহের জন্য, এবং আমাদের শহরকে ভবিষ্যৎ প্রজন্ম ও তাদের প্রাপ্যের যোগ্য করে পুনঃকল্পনা করা নিশ্চিত করা যায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418